# শু'আবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৭. পুনরুত্থানের প্রতি ঈমান

মৃত্যুর পর পুনরায় জীবিত করা হবে এ আস্থা রাখা। আল্লাহ সুবহানাহু তা'আলা নিজেই বলেন,

زَعَمَ الَّذِينَ كَفَرُوا أَن لَّن يُبْعَثُوا ۚ قُلْ بَلَىٰ وَرَبِّي لَتُبْعَثُنَّ

‘অবিশ্বাসীরা ভেবে নিয়েছে তাদেরকে আর কখনও জীবিত করে উঠানো হবে না। বলে দিন, হা, অবশ্যই আমার প্রতিপালক তোমাদেরকে পুনরায় জীবন দান করে উঠাবেন।[১]

অন্যত্র বলা হয়েছে

قُلِ اللَّهُ يُحْيِيكُمْ ثُمَّ يُمِيتُكُمْ ثُمَّ يَجْمَعُكُمْ إِلَىٰ يَوْمِ الْقِيَامَةِ لَا رَيْبَ فِيهِ

বলুন, আল্লাহই তোমাদেরকে জীবন দান করেন এবং মৃত্যু দেন। কিয়ামতের দিন পুনরায় তোমাদেরকে একত্রিত করবেন। এ ব্যাপারে কোনো সন্দেহ নেই।'[২]

উমার ইবনুল খাত্তাব (রাঃ) থেকে বর্ণিত এক সহীহ্ হাদীসে বলা হয়েছেঃ

الإيمان أن تؤمن بالله وملائكته وكتبه ورسله وبالبعث من بعد الموت وبالقدر كله

‘আল্লাহ্, ফেরেশতাগণ, কিতাবসমূহ, নবী-রাসূলগণ, মৃত্যুর পর পুনরুত্থান এবং তাকদীরের ভালো মন্দের প্রতি তোমার আস্থার নাম হচ্ছে ঈমান।

## ফুটনোট

[১]. সূরা আত তাগাবুন, আয়াত ৭।

[২]. সূরা আল জাসিয়া, আয়াত : ২৬।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12305

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন